ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
(জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ)

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

মুজিব শতবর্ষ MUJIB 100

**ডিসিএম সার্কুলার লেটার নং-০২/২০২২**

তারিখঃ ২৪ আষাঢ়, ১৪২৮
২৯ জুন, ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

**কোরবানীর পশুর হাটে জাল নোট প্রতিরোধকল্পে তফসিলী ব্যাংকের কর্মকর্তাদের দ্বারা পশু ব্যবসায়ীদেরকে নোট যাচাই সংক্রান্ত সেবা প্রদান প্রসংগে।**

আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা, ২০২২ উপলক্ষ্যে সমগ্র বাংলাদেশের অনুমোদিত কোরবানীর পশুর হাটসমূহে (উপজেলা সদর পর্যন্ত) জাল নোট প্রচলন চক্রের অপতৎপরতা রোধকল্পে জাল নোট সনাক্তকরণ বুথ স্থাপন করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য আপনাদেরকে নিম্নরূপ নির্দেশনা দেয়া যাচ্ছেঃ-

১. ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক অনুমোদিত পশুর হাটসমূহে জালনোট সনাক্তকারী মেশিনের সহায়তায় অভিজ্ঞ ক্যাশ কর্মকর্তাদের দ্বারা হাট শুরুর দিন হতে ঈদের পূর্ব রাত পর্যন্ত **বিরতিহীনভাবে** পশু ব্যবসায়ীদেরকে বিনা খরচে নোট যাচাই সংক্রান্ত সেবা প্রদান করার জন্য দায়িত্বপ্রাপ্ত তফসিলী ব্যাংকসমূহের তালিকা এতদ্‌সংগে সংযুক্ত করা হলো। উক্ত হাটসমূহে সেবা প্রদানের লক্ষ্যে মনোনীত কর্মকর্তাদের নাম, পদবী ও মোবাইল নম্বরসহ আপনাদের ব্যাংকের সমন্বয়ক হিসেবে মনোনীত একজন উপযুক্ত কর্মকর্তার নাম, পদবী ও মোবাইল নম্বর আগামী **০৪/০৭/২০২২ তারিখের** মধ্যে mahmudul.karim@bb.org.bd এবং rafat.fatema@bb.org.bd ইমেইলে প্রেরণ করতে হবে। উল্লেখ্য, আপনাদের ব্যাংকের সমন্বয়কারী কর্মকর্তা সংশ্লিষ্ট হাটে দায়িত্ব পালনকারী কর্মকর্তাদের কার্যাদি মনিটরিং করবেন।

২. ঢাকার বাইরে যে সকল জেলায় বাংলাদেশ ব্যাংকের অফিস রয়েছে সেখানে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভার অনুমোদিত পশুর হাটসমূহে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট অফিসের নেতৃত্বে গৃহীত অনুরূপ ব্যবস্থায় প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য আপনাদের আঞ্চলিক কার্যালয়/প্রধান শাখাসমূহকে নির্দেশনা প্রদান করতে হবে;

৩. বাংলাদেশ ব্যাংকের অফিস নেই এমন জেলাসমূহের সিটি কর্পোরেশন, পৌরসভা ও থানা/উপজেলার অনুমোদিত পশুর হাটে বিভিন্ন ব্যাংকের এতদ্‌সংক্রান্ত দায়িত্ব বন্টনের জন্য সোনালী ব্যাংক লিঃ এর চেস্ট শাখাগুলোকে দায়িত্ব দেয়া হয়েছে। সোনালী ব্যাংক লিঃ-এর চেস্ট শাখা কর্তৃক বন্টিত দায়িত্ব অনুযায়ী আপনাদের ব্যাংকের জেলা ও উপজেলা পর্যায়ের শাখাসমূহও যাতে পশুর হাটগুলোতে নোট যাচাই সংক্রান্ত সেবা প্রদান করে সে বিষয়ে সংশ্লিষ্ট শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে;

৪. হাটে স্থাপিত বুথে **নোট কাউন্টিং মেশিনের** সাহায্যে নগদ অর্থ গণনাকরণ সুবিধা প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে;

৫. বুথ স্থাপন কার্যক্রমের সুবিধার্থে ও সহযোগিতার জন্য (প্রয়োজনে) সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ, জেলা মিউনিসিপ্যালিটি কর্তৃপক্ষ এবং উপজেলা নির্বাহী অফিসার/সংশ্লিষ্ট পৌরসভা কর্তৃপক্ষের সাথে যোগাযোগ স্থাপন করা এবং সার্বিক নিরাপত্তার জন্য (প্রয়োজনে) সংশ্লিষ্ট পুলিশ, বিজিবি, র‍্যাব ও আনসার কর্তৃপক্ষের সাথে যোগাযোগ স্থাপন করা যেতে পারে;

৬. বুথে নোট যাচাইকালে কোন জালনোট ধরা পড়লে সে ক্ষেত্রে অত্র বিভাগের ০৪.০৭.২০০৭ তারিখের পরিপত্র নং- জাল নোটঃ০১(পলিসি)/২০০৭-১৯১ এ বর্ণিত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৭. বুথে ব্যাংকের নাম ও তার সাথে **''জাল নোট সনাক্তকরণ বুথ''** উল্লেখপূর্বক ব্যানার/নোটিশ প্রদর্শন করতে হবে;

৮. ইতঃপূর্বে সরবরাহকৃত ব্যাংক নোটের নিরাপত্তা বৈশিষ্ট্য সম্বলিত ভিডিও চিত্রটি আপনাদের ব্যাংকের শাখাসমূহে ঈদের আগ পর্যন্ত গ্রাহকদের জন্য স্থাপিত টিভি মনিটরগুলোতে পুরো ব্যাংকিং সময়ে প্রদর্শন করতে হবে;

৯. দায়িত্ব পালনকারী কর্মকর্তা/কর্মচারীদেরকে এতদসংক্রান্ত দায়িত্ব পালনের জন্য আপনাদের ব্যাংকের প্রযোজ্য বিধি অনুযায়ী প্রয়োজনীয় আর্থিক সুযোগ সুবিধা প্রদান করা যাবে;

১০. পবিত্র ঈদ-উল-আযহা সমাপ্তির পর পরবর্তী **১৫(পনের)** কর্ম দিবসের মধ্যে উপরে বর্ণিত নির্দেশনার সূত্রে আপনাদের কর্তৃক পরিপালিত বিষয়াদির উপর প্রস্তুতকৃত একটি প্রতিবেদন আবশ্যিকভাবে অত্র বিভাগে প্রেরণ করতে হবে; এবং

১১. জাল নোট সনাক্তকরণ বুথে নোট যাচাই সংক্রান্ত সেবা প্রদান কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদেরকে অবশ্যই যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়টি সংশ্লিষ্ট তফসিলী ব্যাংক কর্তৃক সুনিশ্চিত করতে হবে।

উল্লেখ্য, এতদ্‌বিষয়ে প্রয়োজনে অত্র বিভাগের যুগ্ম-পরিচালক জনাব মাহমুদুল করিম (মোবাইল-০১৭১২১১২০০৩) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবদুল হালিম)
পরিচালক (ডিসিএম) (চঃদাঃ)
ফোনঃ ৯৫৩০২৩২

সংযুক্তিঃ

- ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক অনুমোদিত পশুর হাটসমূহে দায়িত্বপ্রাপ্ত তফসিলী ব্যাংকসমূহের তালিকা।
- ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন হতে প্রাপ্ত পশুর হাটের তালিকা।

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

মুজিব শতবর্ষ MUJIB 100

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
(জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ)

## ঢাকা উত্তর সিটি কর্পোরেশনস্থ কোরবানীর পশুর হাটে দায়িত্বপ্রাপ্ত ব্যাংকসমূহের তালিকাঃ

| ক্রমিক নং | কোরবানীর পশুর হাটের নাম | দায়িত্বপ্রাপ্ত ব্যাংকের নাম |
|---|---|---|
| ১. | গাবতলী গবাদি পশুর হাট, মিরপুর | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ |
| | | সীমান্ত ব্যাংক লিঃ |
| | | ইউনিয়ন ব্যাংক লিঃ |
| | | পূবালী ব্যাংক লিঃ |
| ২. | উত্তরা ১৭ নং সেক্টরস্থিত বৃন্দাবন হতে উত্তর দিকে বিজিএমইএ পর্যন্ত খালি জায়গা | স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ |
| | | ব্র্যাক ব্যাংক লিঃ |
| | | প্রাইম ব্যাংক লিঃ |
| ৩. | কাওলা শিয়ালডাঙ্গা সংলগ্ন খালি জায়গা | সোনালী ব্যাংক লিঃ |
| | | ইস্টার্ন ব্যাংক লিঃ |
| ৪. | ভাটারা (সাইদনগর) পশুর হাট | ব্যাংক এশিয়া লিঃ |
| | | শাহজালাল ইসলামী ব্যাংক লিঃ |
| ৫. | মোহাম্মদপুরের বসিলায় ৪০ ফুট সড়ক সংলগ্ন খালি জায়গা | অগ্রণী ব্যাংক লিঃ |
| | | দি সিটি ব্যাংক লিঃ |
| | | দি প্রিমিয়ার ব্যাংক লিঃ |
| ৬. | বাড্ডা ইস্টার্ন হাউজিং (আফতাবনগর) ব্লক-ই, এফ, জি, এইচ পর্যন্ত ; যা সাবেক বাড্ডা ইউনিয়ন পরিষদের অংশ | মিডল্যান্ড ব্যাংক লিঃ |
| | | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ |
| | | ট্রাস্ট ব্যাংক লিঃ |

বিশেষ দ্রষ্টব্যঃ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক কোন বিশেষ কারণে কোন হাটের কার্যক্রম বাতিল করা হলে সে বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংককে অবহিত করা হবে।

(সীল: ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট, জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ, বাংলাদেশ ব্যাংক, প্রঃ কাঃ ঢাকা)

৫০১১৯


# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

মুজিব শতবর্ষ MUJIB 100

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
(জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ)


## ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনস্থ অস্থায়ী কোরবানীর পশুর হাটে দায়িত্বপ্রাপ্ত ব্যাংকসমূহের তালিকাঃ

| ক্রমিক নং | কোরবানীর পশুর হাটের নাম | দায়িত্বপ্রাপ্ত ব্যাংকের নাম |
|---|---|---|
| ১. | উত্তর শাহজাহানপুর খিলগাঁও রেলগেট বাজারের মৈত্রী সংঘ ক্লাব সংলগ্ন খালি জায়গা | এবি ব্যাংক লিঃ |
| | | এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ |
| ২. | আমুলিয়া মডেল টাউন এর আশেপাশের খালি জায়গা | এনসিসি ব্যাংক লিঃ |
| | | ওয়ান ব্যাংক লিঃ |
| ৩. | রহমতগঞ্জ ক্লাব সংলগ্ন আশেপাশের খালি জায়গা, লালবাগ | বাংলাদেশ কমার্স ব্যাংক লিঃ |
| | | মার্কেন্টাইল ব্যাংক লিঃ |
| ৪. | ইনষ্টিটিউট অফ লেদার টেকনোলজি কলেজ সংলগ্ন উন্মুক্ত এলাকা, হাজারীবাগ | এক্সিম ব্যাংক লিঃ |
| | | গ্লোবাল ইসলামী ব্যাংক লিঃ |
| ৫. | লিটল ফেন্ড্রস ক্লাব সংলগ্ন খালি জায়গা ও কমলাপুর স্টেডিয়াম সংলগ্ন বিশ্বরোডের আশেপাশের খালি জায়গা | এনআরবি ব্যাংক লিঃ |
| | | সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিঃ |
| ৬. | ধোলাইখাল ট্রাক টার্মিনাল সংলগ্ন উন্মুক্ত এলাকা | ডাচ্-বাংলা ব্যাংক লিঃ |
| | | সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ |
| ৭. | পোস্তগোলা শশ্মানঘাট সংলগ্ন আশেপাশের খালি জায়গা | রূপালী ব্যাংক লিঃ |
| | | আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ |
| ৮. | দনিয়া কলেজ মাঠ সংলগ্ন আশেপাশের খালি জায়গা, যাত্রাবাড়ি | মধুমতি ব্যাংক লিঃ |
| | | বেসিক ব্যাংক লিঃ |
| ৯. | মেরাদিয়া বাজার সংলগ্ন আশেপাশের খালি জায়গা, খিলগাঁও | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ |
| | | বাংলাদেশ কৃষি ব্যাংক লিঃ |
| ১০. | শ্যামপুর কদমতলী ট্রাক স্ট্যান্ড সংলগ্ন খালি জায়গা | জনতা ব্যাংক লিঃ |
| | | ন্যাশনাল ব্যাংক লিঃ |
| | | পদ্মা ব্যাংক লিঃ |
| ১১. | সারুলিয়া পশুর হাট, ডেমরা (স্থায়ী) | ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ |
| | | সাউথইস্ট ব্যাংক লিঃ |

বিশেষ দ্রষ্টব্যঃ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক কোন বিশেষ কারণে কোন হাটের কার্যক্রম বাতিল করা হলে সে বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংককে অবহিত করা হবে।

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ বাংলাদেশ ব্যাংক, প্রঃ কাঃ ঢাকা

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
সম্পত্তি বিভাগ

আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে ডিএনসিসি'র আওতাধীন এলাকায় কোরবানীর পশুর অস্থায়ী হাট/২০২২

| ক্রঃ নং | অস্থায়ী হাটের নাম | সরকারী মূল্য/২০২২ | সর্বোচ্চ দরদাতা | সর্বোচ্চ দর/২০২২ |
|---|---|---|---|---|
| ০১. | উত্তরা ১৭নং সেক্টরস্থিত বৃন্দাবন হতে উত্তর দিকে বিজিএমইএ পর্যন্ত খালি জায়গা | ৪৬,৬৬,১২০/- | মোঃ নুর হোসেন<br>পিতা- নুর মোহাম্মদ | ১,২০,০০,০০০/- (এক কোটি বিশ লক্ষ) টাকা। |
| ০২. | ভাটারা (সাইদ নগর) পশুর হাট। | ১,০২,৪৬,৬৬৭/- | মোঃ সুরুজ্জামান,<br>পিতা-মোঃ আবু সিদ্দিক | ১,০৩,৩০,০০০/- (এক কোটি তিন লক্ষ ত্রিশ হাজার) টাকা। |
| ০৩. | কাওলা শিয়াল ডাঙ্গা সংলগ্ন খালি জায়গা। | ১৯,৫২,৫২০/- | মোঃ তৌফিকুর রহমান,<br>পিতা- আব্দুর রহমান | ২৪,৫০,০০০/- (চব্বিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা। |
| ০৪. | বাড্ডা ইষ্টার্ণ হাউজিং আফতাব নগরস্থিত ব্লক-ই, এফ, জি, এইচ পর্যন্ত; যাহা সাবেক বাড্ডা ইউনিয়ন পরিষদের অংশ। | ১,৪৭,৮৭,০০০/- | মিজানুর রহমান ধনু<br>পিতা- মোঃ লাল মিয়া | ১,৪৮,৫৩,০০০/- (এক কোটি আটচল্লিশ লক্ষ তিপ্পান্ন হাজার) টাকা। |
| ০৫. | মোহাম্মদপুর বছিলাস্থিত ৪০ ফুট রাস্তা সংলগ্ন খালি জায়গা। | ২৬,৬০,৬০০/- | মেসার্স শাহীন ইন্টারন্যাশনাল,<br>প্রোঃ মোঃ আমজাদ হোসেন | ২৯,৭৫,০০০/- (উনত্রিশ লক্ষ পচাত্তর হাজার) টাকা। |

Yousuf
৩০/০৫/2022
মোঃ ইউসুফ সিকদার
অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক
সম্পত্তি বিভাগ
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

৩০/০৫/2022
মোঃ মোজাম্মেল হক
প্রধান সম্পত্তি কর্মকর্তা
(যুগ্মসচিব)
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
জাল ও অচল নোট প্রতিরোধ পর্যালোচনা কোষ
বাংলাদেশ ব্যাংক, প্রঃ কাঃ ঢাকা

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
সম্পত্তি বিভাগ

পবিত্র ঈদুল আযহা/২০২২ উপলক্ষ্যে স্থায়ী/অস্থায়ী কোরবানী পশুর হাটের তালিকা

| ক্র.নং | অস্থায়ী পশুর হাটের নাম |
|---|---|
| ১. | উত্তর শাহজাহানপুর খিলগাঁও রেলগেট বাজারের মৈত্রী সংঘ ক্লাব সংলগ্ন আশ-পাশের খালি জায়গা, ঢাকা। |
| ২. | ইনস্টিটিউট অব লেদার টেকনোলজি কলেজ সংলগ্ন উন্মুক্ত এলাকা, ঢাকা। |
| ৩. | পোস্তগোলা শশ্মানঘাট সংলগ্ন আশ-পাশের খালী জায়গা, ঢাকা। |
| ৪. | মেরাদিয়া বাজার সংলগ্ন আশ-পাশের খালি জায়গা, খিলগাঁও, ঢাকা। |
| ৫. | লিটল ফ্রেন্ডস ক্লাব সংলগ্ন খালি জায়গা ও কমলাপুর স্টেডিয়াম সংলগ্ন বিশ্বরোডের আশ-পাশের খালি জায়গা, ঢাকা। |
| ৬. | দনিয়া কলেজ সংলগ্ন আশ-পাশের খালী জায়গা, যাত্রাবাড়ী, ঢাকা। |
| ৭. | ধোলাইখাল ট্রাক টার্মিনাল সংলগ্ন উন্মুক্ত এলাকা, ঢাকা। |
| ৮. | আমুলিয়া মডেল টাউন এর আশ-পাশের খালি জায়গা, ঢাকা। |
| ৯. | রহমতগঞ্জ ক্লাব সংলগ্ন আশ-পাশের খালি জায়গা, লালবাগ, ঢাকা। |
| ১০. | শ্যামপুর কদমতলী ট্রাক স্ট্যান্ড সংলগ্ন খালি জায়গা, ঢাকা। |
| | **স্থায়ী পশুর হাটের নাম** |
| ১১. | সারুলিয়া স্থায়ী পশুর হাট |